গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন হেডকোয়ার্টার্স
বাসা নং- ১৬, রোড নং- ০৪, ধানমন্ডি ঢাকা- ১২০৫

স্মারক নং-পিবিআই/ ফরেনসিক/ ৫৪৬ তারিখ- ১৭/০৮/২০২৫ খ্রিঃ।

**বিষয়ঃ পিবিআই ডিজিটাল ফরেনসিক ল্যাব এ বিশেষজ্ঞের মতামত এর জন্য আলামত প্রেরণের নমুনা।**

পিবিআই এর তদন্তকারী কর্মকর্তাদের তদন্তে সহায়তা ও ডিজিটাল আলামত ফরেনসিক পরীক্ষা করে বিশেষজ্ঞ মতামত গ্রহনের সুবিধার্থে পিবিআই ডিজিটাল ল্যাব কর্তৃক যে সকল বিষয়ে বিশেষজ্ঞ এর মতামত ও তদন্তে সহায়তা করা হয় তার তালিকা সহ আলামত প্রেরনের নমুনা আবেদন, ক্ষমতাপত্র, চেইন-অব-কাষ্টডি এতদ্ব সঙ্গে প্রেরন করা হলো এবং এর সফট কপি pbi.gov.bd ওয়েবসাইট এ (Manu/Resource/BP forms (Bangla)/ডিজিটাল ফরেনসিক পরীক্ষার জন্য নমুনা আবেদন) আপলোড করা হলো।

<u>স্বাক্ষরিত/-</u>
১৭/০৮/২০২৫ খ্রিঃ
অ্যাডিশনাল আইজিপি
পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)
পিবিআই হেডকোয়ার্টার্স, ধানমন্ডি, ঢাকা।
মোবাঃ ৯৭৫৬৬০৫ ফ্যাক্সঃ ০২-৯৬১৫৭৩২

**সংযুক্তঃ ১১ (এগারো) পাতা।**

**অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

১। পিবিআই সকল জেলা/ইউনিট।
২। পিবিআই ওয়েব সাইট/সিস্টেম এনালিস্ট।
৩। অফিস নথি।

১৭।৮।২৫

মোঃ আবদুর রহমান
বিপি- ৮২০৮১২১৫৯৭
পুলিশ সুপার (এলআইসি ও ফরেনসিক)
পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)
পিবিআই হেডকোয়ার্টার্স, ধানমন্ডি, ঢাকা।
মোবাঃ ৯৭৫৬৬০৫ ফ্যাক্সঃ ০২-৯৬১৫৭৩২

Scanned with CamScanner

# পিবিআই ডিজিটাল ফরেনসিক ল্যাব

মামলা তদন্তে আধুনিক ও প্রযুক্তিগত সহায়তা প্রদান এবং কম্পিউটার, মোবাইল, হার্ডডিস্ক সহ সকল প্রকার ডিজিটাল আলামত ফরেনসিক পরীক্ষা করা ও বিজ্ঞ আদালতে বিশেষজ্ঞের মতামত প্রদান করার জন্য ২০১৫ সালে পিবিআই ডিজিটাল ফরেনসিক ল্যাব প্রতিষ্ঠা করা হয়।

## যেসকল বিষয়ে বিশেষজ্ঞের মতামত প্রদান করা হয়ঃ

1. Mobile Forensic
    - i) Android Mobile
    - ii) IPhone
    - iii) Feature Phone
2. Computer Forensic
    - i) Windows PC
    - ii) MacBook
    - iii) Linux PC
3. Digital Storage Device
    - i) HDD/SSD
    - ii) Pen drive/SD Card all kind of Flash Storage etc
4. IoT Device
    - i) Smart Appliance
    - ii) Bank Card
    - iii) Smart Watch
    - iv) Drone
    - v) GPS etc.
5. CCTV Forensic
6. Video Forensic
7. Photo Cross Match
8. Cloud Forensic
9. Social Media Forensic
10. Camera Ballistics
11. CD/DVD Forensic
12. Malware Analysis

## তদন্তে সহায়তা করার জন্য যে সকল সেবা প্রদান করা হয়ঃ

1. Document Analyzer ঃ জাল দলিল, জাল মুদ্রা, চেক বই, স্বাক্ষর ইত্যাদি পরীক্ষা করা হয়।
2. Face Drawing: সাক্ষীর বর্ননা অনুসারে Software এরম মাধ্যমে Suspect এর Sketch অঙ্কন করা হয়।
3. FIVeS: Finger Print Identification & Verification System. ব্যক্তির Finger Print Scan করে NID Server এর সাথে  Match করে পরিচয় শনাক্ত করা হয়।

পিবিআই সকল জেলা ইউনিট এ ফিঙ্গারপ্রিন্ট শনাক্তকরণের জন্য Laptop ও Finger Print Scanner  রয়েছে।

## যেক্ষেত্রে ফরেনসিক পরীক্ষা করে কাঙ্খিত ফল পাওয়া যাবে না

**০১।** অপরাধ কাজে ব্যবহৃত ডিভাইস জব্দ করতে না পারলে মামলা সংক্রান্ত তথ্য পাওয়া যাযে না। বর্তমানে একজন ব্যক্তি একাধিক ডিজিটাল ডিভাইস ব্যবহার করে তাই ডিভাইস জব্দ করার সময় অপরাধে ব্যবহৃত মোবাইল, কম্পিউটার বা ডিজিটাল আলামত জব্দ করতে না পারলে ফরেনসিক পরীক্ষা করে কাঙ্খিত ফল পাওয়া যাবে না।

**০২।** ডিভাইস জব্দ না করে Private Chat (Whatsapp/IMO/Messenger etc) এর ক্ষেত্রে শুধু আইডি বা মোবাইল নাম্বার পরীক্ষা করতে পাঠালে কোন তথ্য পাওয়া যাবে না। Chat সংক্রান্ত তথ্য প্রয়োজন হলে অবশ্যই প্রাপক অথবা প্রেরক এর মোবাইল/ট্যাব ফরেনসিক পরীক্ষার জন্য পাঠাতে হবে।

**০৩।** Factory Reset Mobile Device ফরেনসিক পরীক্ষা করে তথ্য পাওয়া যাবে না।

**০৪।** Surveilance Camera Footage একাধিকবার Over write হলে তথ্য পাওয়া যাবে না। ঘটনার সাথে সাথেই DVR/NVR বা ভিডিও জব্দ করতে হবে।

**০৫।** Surveilance Camera Footage সরাসরি DVR/NVR থেকে সংগ্রহ না করে TV/Monitor থেকে মোবাইল দ্বারা Capture করলে Enhance করে কাঙ্খিত ফল পাওয়া যাবে না।

**০৬।** Surveilance Camera Footage Resolution ভালো না হলে ফরেনসিক পরীক্ষা করে কাঙ্খিত ফল পাওয়া যাবে না।

**০৭।** তদন্তকালে Data এর উৎস খুজে বের করতে হবে। Local Device (Mobile, Memory Card, etc.) ফরেনসিক পরীক্ষা করে Cloud Data পাওয়া যাবে না।

**০৮।** Cloud Data ফরেনসিক পরীক্ষা করার জন্য User Credential সহ প্রেরণ করতে হবে নাহয় তথ্য পাওয়া যাবে না।

**০৯।** ব্যক্তি সনাক্ত করার জন্য প্রেরিত ছবি/ভিডিও এবং নমুনা ছবি স্পস্ট না হলে Cross Match করে কাঙ্খিত ফল পাওয়া যাবে না।

**১০।** Facebook, Instagram, Twitter ইত্যাদি Social Media পরীক্ষায় শুধুমাত্র Public Post পাওয়া যাবে। Friend/Custom Post এর তথ্য পাওয়া যাবে না।

**১১।** Social Media ID, email ID, Website এর ব্যবহারকারী/Owner এর তথ্যের জন্য সংশ্লিস্ট Service Provider (Meta, Google, IMO etc.) এর কাছে যথাযথ নিয়মে তথ্য চেয়ে মেইল প্রেরণ করতে হবে। আইন অনুযায়ী এটা তদন্তকারী কর্মকর্তার ক্ষমতা।

**১২।** Mobile Device এর USB Port, Display, Power Button, Volume Button বা অন্য কোন Technical Problem থাকলে ফরেনসিক পরীক্ষা করা সম্ভব হয় না। এসব ক্ষেত্রে মোবাইল Repare করে ফরেনসিক পরীক্ষা করতে হয়।

# পিবিআই ডিজিটাল ফরেনসিক ল্যাব এ পরীক্ষার জন্য আলামত প্রেরণ করার নমুনা আবেদন

বরাবর

পুলিশ সুপার
ফরেনসিক
পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)
বাংলাদেশ পুলিশ, ঢাকা।

মাধ্যম ঃ যথাযথ কর্তৃপক্ষ।

**বিষয় ঃ ডিজিটাল আলামত ফরেনসিক পরীক্ষা পূর্বক বিশেষজ্ঞের মতামত প্রদান।**

সূত্র ঃ সিআর মামলা নং-২৭৪/২০২৪ (বদলগাছী), ধারা-পর্ণোগ্রাফি নিয়ন্ত্রণ আইন-২০১২ এর ৮(১)(২) (৩) (৪)।

জনাব

যথাযথ সন্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, সূত্রে উল্লিখিত মামলা সংক্রান্তে নিম্নবর্ণিত জব্দকৃত আলামত পিবিআই ডিজিটাল ফরেনসিক ল্যাবে একজন বিশেষজ্ঞ দ্বারা ফরেনসিক পরীক্ষা পূর্বক মতামত গ্রহন করা প্রয়োজন।

**আলামতের বর্ণনাঃ**

১। VIVO Y75 5G Mobile Phone, Model- RMX3834, Serial number-1590460930000WU, IMEI (1)- 866323057406539, IMEI (2)- 866323057406521. সংযুক্ত SIM NO- 01768-183021, 01534-250308

২। Facebook ID: MD Harun, Profile Link: www.facebook.com/100068866326479

**৩. নমুনা ছবি ঃ-**

**i)** ভিকটিম টিনা খান এর 3R Size নমুনা ছবি ০৩ (তিন) টি।

**ii)** অভিযুক্ত সোহেল খান এর 3R Size নমুনা ছবি ০৩ (তিন) টি।

**i)** Social Media Chat এর স্ক্রিনশটের প্রিন্ট কপি ১০ (দশ) পাতা।

**চাহিত বিষয় ঃ**

১। উল্লিখিত মোবাইলে ভিকটিম ও অভিযুক্তের নগ্ন ছবি, ভিডিও আছে কি না? থাকলে উল্লিখিত মোবাইল দ্বারা ধারণ করা হয়েছে কি না?

২। উল্লিখিত মোবাইলে IMO ID: সোহেল খান, Phone NO: 01887-795086 হতে বাদিনীর নগ্ন ছবি, ভিডিও বিভিন্ন আইডিতে প্রেরণ করা হয়েছে কি না?

৩। বাদিনীর ব্যবহৃত ০১৭৫৩-৭৪০৯১৭ ও বাদিনীর স্বামীর ব্যবহৃত ০১৭৫৮-৩৪২৯২৬, ০১৭৭০-৩৩৫১৮৬ নম্বরে বিবাদীর ব্যবহৃত ০১৩৩৪-২৫০৩০৮ নম্বর হতে কোন Whatsapp ম্যাগেৎ, SMS পাঠানো হয়েছে কিনা

৪। বর্ণিত ফেসবুক আইডি থেকে ভিকটিমের আপত্তিকর/অশ্লীল ছবি শেয়ার/সেন্ড/পোস্ট করা হয়েছে কি-না?

৫। বর্ণিত ফেসবুক আইডির ব্যবহারকারীর পরিচয়।

অতএব, মহোদয়ের নিকট আবেদন, উল্লিখিত আলামত সমূহ একজন বিশেষজ্ঞ দ্বারা ফরেনসিক পরীক্ষা পবূর্ক মতামত প্রদানের পয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনার সদয় মর্জি হয়।

বিনীত

**(আহাম্মদ)**
বিপি- ৮১২৩৪৫৬৭৮
পুলিশ পরিদর্শক (নিঃ)
পিবিআই খুলনা
মোবাইল- ০১৩৪৫৬৭৮৯
Email: 123@pbi.gov.bd

সংযুক্তি ঃ

১. বিজ্ঞ আদালতের আদেশের মূলকপি।
২. বিজ্ঞ আদালতের ক্ষমতাপত্রের মূলকপি।
৩. এজাহারের কপি।
৪. জব্দতালিকার কপি ।
৫. নমুনা ছবি/ভিডিও/স্ক্রিনশট।
৬. সিলগালাকৃত আলামত।

# ডিজিটাল ডিভাইসের জন্য নমুনা ক্ষমতা পত্র

সূত্রঃ সিআর মামলা নং- ২৭৪/২০২৪ (বদলগাছী), ধারা-পর্ণোগ্রাফি নিয়ন্ত্রণ আইন- ২০১২ এর ৮(১)(২) (৩) (৪)।

বরাবর

পুলিশ সুপার
ফরেনসিক
পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)
বাংলাদেশ পুলিশ, ঢাকা।

পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) হেডকোয়ার্টার্স, ঢাকা এর ডিজিটাল ফরেনসিক ল্যাব কে ক্ষমতা প্রদান করা যাচ্ছে যে, সূত্রে উল্লিখিত মামলা সংক্রান্তে জব্দকৃত

**i)** Desktop Computer: HP System Unit, Model: Z240, Serial NO: SNV764KJIYY12 সংযুক্ত Western Digital 1TB HDD, Model: WDC WD10EZEX-60WN4A0, Serial NO: WDP65456VKJ

**ii)** Laptop: HP Laptop, Model: 250 G4. S/N: CND53405L1, Product- CM9578EA#ABV

Falsh Drive:

**iii)** HP 16GB Pen drive Model: USB352G4. S/N: DNA557879P

**iv)** Mobile: VIVO Y75 5G Mobile Phone, Model- RMX3834, Serial number-1590460930000WU, IMEI (1)- 866323057406539, IMEI (2)- 866323057406521. সংযুক্ত SIM NO- 01768-183021, 01534-250308

একজন বিশেষজ্ঞ দ্বারা ফরেনসিক পরীক্ষা পূর্বক তদন্তকারীর চাহিদা মতে মতামত প্রদানের স্বার্থে বর্ণিত আলামতসমূহ পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন, ধ্বংস, Login, Download ও তথ্য সংরক্ষন এবং প্রয়োজনীয় কার্যাবলি করতে পারবেন।

স্বাক্ষর

বিজ্ঞ বিচারক

# সোস্যাল মিডিয়া কন্টেন্ট পরীক্ষার জন্য নমুনা ক্ষমতা পত্র

সূত্রঃ সিআর মামলা নং-২৭৪/২০২৪ (বদলগাছী), ধারা-পর্ণোগ্রাফি নিয়ন্ত্রণ আইন-২০১২ এর ৮(১)(২) (৩) (৪)।

বরাবর

পুলিশ সুপার
ফরেনসিক
পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)
বাংলাদেশ পুলিশ, ঢাকা।

পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) হেডকোয়ার্টার্স ঢাকা এর ডিজিটাল ফরেনসিক ল্যাব কে ক্ষমতা প্রদান করা যাচ্ছে যে, সূত্রে উল্লিখিত মামলা সংক্রান্তে জব্দকতৃ

**i)** News Portal: দৈনিক সাঙ্গু, News Link : https://thedailyshangu.com/post/%25E0%
**ii)** Facebook ID Name : Nurul Azam
Facebook Profile Link: https://www.facebook.com/profile.php?id=100069488173429
**iii)** Facebook Post Link:
https://www.facebook.com/photo/?fbid=808668698173709&set=a.202891915418060
**iv)** Email ID- bangladeshinhamationministry@gmail.com (password অলাদা খামে সংযুক্ত)

Facebook ID, Post Link, Website, News Portal, email একজন বিশেষজ্ঞ দ্বারা ফরেনসিক পরীক্ষা পূর্বক তদন্তকারীর চাহিদা মতে মতামত প্রদানের স্বার্থে বর্ণিত আলামতসমূহ পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন, ধ্বংস, Login, Download ও তথ্য সংরক্ষন এবং প্রয়োজনীয় কার্যাবলি করতে পারবেন।

স্বাক্ষর

বিজ্ঞ বিচারক

## নমুনা ছবি

মুখমন্ডলের সম্মুখ দিকের ০১ টি, ডান দিক এবং বা দিক থেকে একটি করে মোট ০৩ টি 3R Size ছবি দিতে হবে।



**বি.দ্রঃ** DSLR অথবা ভালো মানের ক্যামেরা দিয়ে ছবি তুলতে হবে।

**সতর্কতাঃ**

১. মুখমন্ডল ফোকাস করে ছবি নিতে হবে (সম্পূর্ন শরীর প্রয়োজন নেই)।
২. পর্যাপ্ত আলোতে ছবি তুলতে হবে।
৩. টুপি/হিজাব ছাড়া ছবি নিতে হবে।
৪. চোখ, কান, নাক, কপাল, ঠোট সহ সকল অঙ্গ যাতে স্পস্ট থাকে সেদিকে লক্ষ্য রাখতে হবে।
৫. মেকআপ ছাড়া স্বাভাবিক অবস্থায় ছবি নিতে হবে।
৬. ব্যাকগ্রাউন্ড সলিড কালার সাদা হলে ভালো।
৭. ভিকটিম ও সাসপেক্ট উভয়ের বা একাধিক হলে প্রত্যেকের নমুনা ছবি দিতে হবে।

## আলামত জব্দকালীন লক্ষনীয় বিষয় সমুহ

১.আলামতের সম্পূর্ন বিবরন উল্লেখ করা।

**মোবাইলের ক্ষেত্রে-** Brand Name, Colour, Model, Serial, IMEI উল্লেখ করা। মোবাইল এর SIM ও Card Slot খুলে দেখা। E-SIM চেক করা।

**কম্পিউটারের ক্ষেত্রে-** Brand Name, Colour, Model, Serial উল্লেখ করা। পিসির USB Port এ কোন ডিভাইস সংযুক্ত আছে কিনা চেক করা ও CD/DVD player খুলে দেখা।

২.জব্দ তালিকায় আলামতের মালিক/ব্যবহারকারীর নাম উল্লেখ করা

৩.আলামতটি কার দখল থেকে হেফাজতে নেয়া হল তা উল্লেখ করা

৪.আলামতটির জব্দকালীন অবস্থা(সচল/অচল/ভাঙ্গা) উল্লেখ করা।

৫.আলামত এর সকল Password Remove করা। Password Remove করতে না পারলে Password Protected উল্লেখ করা।

৬.আলামত সকল প্রকার সংযোগ থেকে বিচ্ছিন্ন করা।

৭. আলামত নিজে Browse না করে দ্রুত ফরেনসিক পরীক্ষার জন্য প্রেরণ করা।

৮. পিবিআই অফিস কক্ষে আলামত জব্দ না করে ঘটনাস্থল বা ব্যবহারকারীর বসবাসের স্থান থেকে জব্দ করা উত্তম।

৯. CCTV Video সরাসরি DVR থেকে Pen Drive Copy করতে হবে বা CD/DVD এ Write করতে হবে কোন ভাবেই TV/Monitor থেকে Record করা যাবে না।

১০. আলামতে অমোচনীয় কালি দিয়ে সনাক্ত করন চিহ্ন দিয়ে সাক্ষীদের স্বাক্ষর নিয়ে জব্দ তালিকায় উল্লেখ করতে হবে।

১১. আলামতের Chain of Custody সংরক্ষন করা।

## আলামত পরীক্ষার জন্য প্রেরণের পূর্বে নিম্নের চেকলিস্ট অনুসরণ করতে হবে

| লক্ষ্যণীয় বিষয়াবলী | হ্যাঁ | না |
|---|---|---|
| ১। মামলার ফরওয়ার্ডিংয়ে ইউনিট ইনচার্জ এর ফরওয়ার্ডিং/অগ্রগামী/স্বাক্ষর/সিল আছে কিনা ? | | |
| ২। অফিসের স্মারক ও তারিখ আছে কি না? | | |
| ৩। তদন্তকারী কর্মকর্তার মোবাইল নাম্বার দেয়া আছে কি না? | | |
| ৪। বিজ্ঞ আদালত এর আদেশ এর মূল কপি আছে কি না ? | | |
| ৫। আদালত এর আদেশ এর নাম্বার ও তারিখ লেখা আছে কিনা? | | |
| ৬। ক্ষমতাপত্রের মূল কপি আছে কি না? | | |
| ৭। নমুনা অনুসারে পরীক্ষার ক্ষমতা উল্লেখ আছে কিনা? | | |
| ৮। জব্দতালিকার কপি আছে কি না? | | |
| ৯। আবেদনে আলামতের বর্ণনা ও চাহিত বিষয় স্পস্ট উল্লেখ আছে কিনা? | | |
| ১০। জব্দ তালিকায় বর্ণিত আলামতের বর্ণনার সাথে বিদ্যমান আলামতের হুবহু মিল আছে কি না? | | |
| ১১। আলামত সিলগালা অবস্থায় রয়েছে কি না? | | |
| ১২। এজাহারের কপি আছে কি না? | | |
| ১৩। স্ক্রিনশট এর প্রিন্ট কপি আছে কি না? | | |
| ১৪। নমুনা ছবি রঙিন 3R সাইজের সকল ব্যক্তির ০৩ কপি করে ছবি আছে কি না? | | |

পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন(পিবিআই)

## EVIDENCE CHAIN OF CUSTODY

**PR NO: ২৪/২৬**

**সূত্র :** সিআর মামলা নং- ৬৭৯/২০২৪ (সাভার মডেল), তারিখ- ০২/০৬/২০২৪ খ্রিঃ, ধারা-

৪০৬/৪১৯/৪২০/১৭০/১০৯/৫০৬ পেনাল কোড।

**জব্দকারী কর্মকর্তা:** (নাম,পদবী,বিপি,অফিস,মোবাইল)- মোঃ মনিরুল ইসলাম, এসআই (নিঃ) বিপি-৮৪০৪০২১০৪৫, খুলনা সদর থানা, কেএমপি, খুলনা, মোবাইল-০১৭১৭৭৬১৮২১ ।

**জব্দ করার তারিখ ও সময় :** ০৭/০৪/২০২৫ খ্রিঃ, ২০.২০ মিনিট জব্দ করার স্থান : খুলনা দৌলতপুর থানাধীন কেদারনাথ রোডস্থ হোল্ডিং নং ৪১/১ জনৈক কুদ্দুস সাহেরেব বড়ির নিচ তলা।

**যার নিকট হতে জব্দ করা হয়েছে(নাম,ঠিকানা,মোবাইল, এনআইডি) :** মোঃ সালাম (৪২) পিতা- মৃত- শাহাদত হোসেন, মাতা-মৃত- দুবতন নেছা, সাং- ৪১/১ কেদারনাথ রোড, মহেশ্বর পাশা, থানা- দৌলতপুর, জেলা- খুলনা, মোবাঃ ০১৮৩৯৭৬০৭৫৫

| আলামতের বর্ণনা | | |
|---|---|---|
| ক্রমিক | আলামতের নাম | বর্ণনা (Brand, Model, Serial, IMEI, Colour, Condition, Marks, etc.) |
| ০১ | Mobile Phone | ০১(এক) টি ব্লু রঙের Techno Camon Mobile, Model- Techno Camon 20, IMEI- (i)355439920344125,(ii) 355439920344133 |
| File Name | | Hash Value: |

| CHAIN OF CUSTODY | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | প্রদানকারী (স্বাক্ষর নাম,পদবী,বিপি) | তারিখ ও স্বাক্ষর | গ্রহনকারী (স্বাক্ষর নাম,পদবী,বিপি) | তারিখ ও স্বাক্ষর | মন্তব্য |
| ০১ | মোঃ সালাম (৪২) পিতা-মৃত- শাহাদত হোসেন, মাতা-মৃত- দুবতন নেছা, সাং- ৪১/১ কেদারনাথ রোড, মহেশ্বর পাশা, থানা- দৌলতপুর, জেলা-খুলনা, মোবাঃ ০১৮৩৯৭৬০৭৫৫ | ১০/০২/২০২৪ | মোঃ মনিরুল ইসলাম, এসআই (নিঃ) বিপি-৮৪০৪০২১০৪৫, খুলনা সদর থানা, কেএমপি, খুলনা, মোবাইল-০১৭১৭৭৬১৮২১ । | ১০/০২/২০২৪ | |
| ০২ | মোঃ মনিরুল ইসলাম, এসআই (নিঃ) বিপি-৮৪০৪০২১০৪৫, খুলনা সদর থানা, কেএমপি, খুলনা, মোবাইল-০১৭১৭৭৬১৮২১। | ১২/০২/২০২৪ | মোঃ ফিরোজ কবির, বিপি নং- ৮২০৬১০৯৬৬১, এস আই (নিঃ), মালখানা অফিসার, খুলনা সিএমএম কোর্ট, খুলনা ।মোবাইল-০১৭০৩৪৩৫৬৩৬ | ১২/০২/২০২৪ | |
| ০৩ | কং/৯২৫ মোঃ সুরুজ মিয়া(৪৫), কেএমপি, খুলনা | ২৫/০২/২০২৪ | মোঃ জাহিদুর রহমান, এএসআই(নিঃ), বিপি-৮৮০৮১৫৯৬৫৬, ডিএফএল,পিবিআই হেডকোয়ার্টার্স | ২৮/০২/২০২৪ | |
| ০৪ | | | | | |
| ০৫ | | | | | |
| ০৬ | | | | | |

| Disposal |
| --- |
| আইনগত মালিকের নিকট হস্তান্তর<br><br>**এই Chain of Custody এর আলামত** : ০১(এক) টি ব্লু রঙের Techno Camon Mobile, Model-Techno Camon 20, IMEI- (i)355439920344125,(ii) 355439920344133<br><br>**প্রদানকারী কর্মকর্তার নাম,পদবী,বিপি :** মোঃ মনিরুল ইসলাম, এসআই (নিঃ) বিপি-৮৪০৪০২১০৪৫, খুলনা সদর থানা, কেএমপি, খুলনা, মোবাইল-০১৭১৭৭৬১৮২১ ।<br><br>**স্বাক্ষর:** ____________________<br><br>**আইনগত মালিক/গ্রহনকারীর নাম, ঠিকানা, মোবাইল, এনআইডি :**<br><br>মোঃ সালাম (৪২) পিতা- মৃত- শাহাদত হোসেন, মাতা-মৃত- দুবতন নেছা, সাং- ৪১/১ কেদারনাথ রোড, মহেশ্বর পাশা, থানা- দৌলতপুর, জেলা- খুলনা, মোবাঃ ০১৮৩৯৭৬০৭৫৫<br><br>**স্বাক্ষর:** ____________________ |